

— নব-বর্ষ —

— অধ্যাপক শ্রীশ্যামাপদ চক্রবর্তী ।

শূন্য পিয়াল দায়েছিলে মোরে একটি বর্ষ আগে,
তিলে তিলে তা'রে ভরিয়া তুলেছি' সুগভীর অমুরাগে ;

যতটুকু ছিল খালি,

কালি রজনীতে পূর্ণ ক'রেছি শেষ বিন্দুটি ঢালি !

নিয়ে ষাও, বঁধু,—পারি কি করিতে তোমার অসম্মান ?

এমনি করিয়া ভরিয়া রাখিব নূতন পাত্র খান ।

এমনি হাসিয়া নিয়ো... ..

আমার অঁখির তিক্ত মদিরা এতই তোমার প্রিয় ?

ভারত-গাথা

[অধ্যাপক শ্রীপ্যারীমোহন সেনগুপ্ত]

ভারত আমার,

সুখমা আমার,

অতুলা মোহিনী

জগৎ-পালিনী ।